

মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা-১০০০

ভর্তি বিজ্ঞপ্তি-২০২৪

আগামি ২৪/১০/২০২৩খ্রি: তারিখ সকাল ১১:০০টা থেকে ১৪/১১/২০২৩খ্রি: তারিখ বিকাল ৫:০০টা পর্যন্ত অনলাইনে <https://gsa.teletalk.com.bd> এই ওয়েবসাইটে আবেদন করতে হবে। **teletalk pre-paid mobile** নম্বর হতে **sms** এর মাধ্যমে ফি প্রদান করে ভর্তির আবেদনের কার্যক্রম সম্পন্ন করতে হবে।

ভর্তির শ্রেণি :

| শ্রেণি | শূন্য আসন - প্রভাতি | শূন্য আসন - দিবা |
|--------|---------------------|---|
| তৃতীয় | ১০৯ | ১১০ |
| ষষ্ঠ | ----- | সাধারণ-১৭ সরকারি প্রাথমিক বিদ্যালয়-০২ |
| অষ্টম | ----- | ১০ |

১। আবেদন ফরমের মূল্য ১১০/- (একশত দশ টাকা)।

২। অনলাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলী <https://gsa.teletalk.com.bd> এই ঠিকানায় পাওয়া যাবে।

জ্ঞাতব্য :

১। আবেদন ফরমে সঠিক ও সচল মোবাইল ফোন নম্বর দিতে হবে।

২। কোটা: (ক) বিদ্যালয় সংলগ্ন **Catchment area:** শাহজাহানপুর, মতিঝিল, খিলগাঁও থানায় বসবাসকারীদের জন্য ৪০% কোটা সংরক্ষিত থাকবে। কোটার স্বপক্ষে ভোটার আইডি/ফ্ল্যাটের মালিকের প্রমাণ/সরকারি বাসা বরাদ্দের প্রয়োজনীয় কাগজ/ভাড়া বাসার প্রমাণ পত্র (ইউটিলিটি সার্ভিস এর বিল) দাখিল করতে হবে।

(খ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের কন্যা/ নাতনী ৫%।

(গ) বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থী ২%।

(ঘ) সহোদর বোন ৫%।

(ঙ) শিক্ষামন্ত্রণালয়ের কর্মকর্তা / কর্মচারী ২%।

৩। শিক্ষার্থী কোটার দাবিদার হলে আবেদন ফরমে কোটার জন্য সঠিক অপশন নির্বাচন করতে হবে।

৪। আবেদনকারী একই গ্রুপের পছন্দের ক্রমানুসারে সর্বাধিক ০৫ (পাঁচ) টি বিদ্যালয় নির্বাচন করতে পারবে। ডাবল শিফটের প্রতিষ্ঠানের ক্ষেত্রে উভয় শিফট পছন্দ করলে দুটি পছন্দ ক্রম সম্পন্ন হয়েছে বলে বিবেচিত হবে।

৫। অনলাইনে আবেদন ফরম পূরণ ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলি www.dshe.gov.bd এর **secondary circular/order** ও www.teletalk.com.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

৬। প্রথম শ্রেণির ক্ষেত্রে ০১/০১/২০২৪ তারিখে বয়স ৬+ ধরে অন্যান্য শ্রেণির ক্ষেত্রে শিক্ষার্থীর বয়স হিসাব করতে হবে।

৭। শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়ার তারিখ ও সময় পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে।

**** কোন আবেদনকারী অসদুপায় অবলম্বন করে একই প্রতিষ্ঠানের একই শিফটে একাধিকবার আবেদন করলে এবং পরবর্তীতে তা প্রমাণিত হলে তার আবেদন বাতিল বলে গণ্য হবে।**

শায়লা নাসরীন

প্রধান শিক্ষক

মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা

ফোনঃ ৪৮৩১৩০৩০

ই-মেইল: motijheelgovtgirls@yahoo.com